

## শৈত্য প্রবাহে বোরো ধান চাষাবাদে কৃষক ভাইদের করণীয়

শৈত্য প্রবাহের কারণে বোরো ধানের চারা হলুদাভ হয়ে ক্রমশঃ শুকিয়ে যায়। এছাড়াও শীতের প্রকোপে চারা পোড়া বা চারা ঝলসানো রোগের জন্য মারা যেতে পারে। শৈত্য প্রবাহ শুরু হলে কৃষক ভাইদের বোরো ধান চাষাবাদে বাড়তি কিছু যত্ন নেয়া জরুরি।

### করণীয়-

- ❖ শৈত্য প্রবাহের সময় বীজতলা স্বচ্ছ পলিথিন দিয়ে সকাল ১০টা থেকে সন্ধ্যা পর্যন্ত ঢেকে দিতে হবে।
- ❖ বীজতলায় ৩-৫ সেন্টিমিটার পানি ধরে রাখতে হবে, এক্ষেত্রে নলকূপের পানি ব্যবহার করা ভালো।
- ❖ বীজতলায় পানি সকালে বের করে দিয়ে আবার নতুন পানি দিতে হবে।
- ❖ প্রতিদিন সকালে জমাকৃত শিশির ঝরিয়ে দিতে হবে।
- ❖ চারা পোড়া বা ঝলসানো রোগ দমনের জন্য রোগের প্রাথমিক অবস্থায় প্রতি লিটার পানিতে ২ মিলি লিটার আজোঅক্সিট্রিবিন বা পাইরাক্লোস্টবিন জাতীয় ছত্রাকনাশক মিশিয়ে বীজতলায় বিকালে স্প্রে করতে হবে।
- ❖ বীজতলায় চারা হলুদ হয়ে গেলে প্রতি শতক জমিতে ২৮০ গ্রাম হারে ইউরিয়া সার প্রয়োগ করতে হবে। ইউরিয়া প্রয়োগের পরও চারা সবুজ না হলে প্রতি শতক জমিতে ৪০০ গ্রাম হারে জিপসাম সার প্রয়োগ করতে হবে।
- ❖ জমিতে রোপণের জন্য কমপক্ষে ৩৫-৪৫ দিনের চারা ব্যবহার করতে হবে। এ বয়সের চারা রোপণ করলে শীতে চারার মৃত্যুর হার কমে, চারা সতেজ থাকে এবং ফলন বেশি হয়।
- ❖ চারা রোপণকালে শৈত্য প্রবাহ শুরু হলে কয়েকদিন দেরি করে তাপমাত্রা স্বাভাবিক হলে চারা রোপণ করতে হবে।
- ❖ রোপণের পর শৈত্য প্রবাহ হলে জমিতে ৫-৭ সেন্টিমিটার পানি ধরে রাখতে হবে।
- ❖ শীতের তীব্রতা ও চারার বয়স বিবেচনায় সমন্বিত ফসল ব্যবস্থাপনা পদ্ধতি অনুসরণ করে অধিক ফলন পাওয়া সম্ভব।



বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট